তারিখ: 27 JUL 2017
পৃষ্ঠা: ১৬ কলাম: ৬

সংবাদ

# ঢাবিতে ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর থেকে

নিজস্ব বার্তা পরিবেশক

২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময় আগামী ১৫ সেপ্টেম্বর নির্ধারণ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। গতকাল ডিনস কমিটির সভায় সম্ভাব্য এ তারিখ নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন শিবলী রুবাইয়াতুল ইসলাম।

তিনি বলেন, আগামী ১৫ সেপ্টেম্বর ব্যবসায় শিক্ষা অনুষদের অধীনে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে এবং ২০ অক্টোবর 'ঘ' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে ভর্তি পরীক্ষা শেষ হবে। সভায় চারুকলা অনুষদের অধীনে 'চ' ইউনিটে ঢাবিতে : পৃষ্ঠা : ২ ক : ১

## ঢাবিতে : ভর্তি

(১৬ পৃষ্ঠার পর)

সাধারণ জ্ঞান অংশের জন্য ১৬ সেপ্টেম্বর এবং অঙ্কন অংশের পরীক্ষা ২৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এছাড়া ২২ সেপ্টেম্বর 'খ' ইউনিট (কলা অনুষদ), ১৩ অক্টোবর 'ক' ইউনিট (বিজ্ঞান অনুষদ) ও ২০ অক্টোবর 'ঘ' ইউনিটের (সামাজিক বিজ্ঞান অনুষদ) ভর্তি পরীক্ষার সম্ভাব্য দিন নির্ধারণ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর